

২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, দেবীগঞ্জ, পঞ্চগড় এর ৪র্থ শিল্প বিপ্লবের
চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ১ম অবহিতকরণ সভার কার্যবিবরণী :

সভাপতি	: ডাঃ মোছাঃ সারাবনতহুঁরা
সভার তারিখ	: ২৫/০৯/২০২২ খ্রি.
সভার স্থান	: প্রশিক্ষন কক্ষ, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, দেবীগঞ্জ, পঞ্চগড়।
সময়	: দুপুর ১২.০০ ঘটিকা।
সভার উপস্থিতি	: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার প্রারম্ভে অংশগ্রহনকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। বিগত সময়ের সব হিসাব নিকাশ বাতিল করে আমাদের দরজায় এখন যে, শিল্প বিপ্লবটি কড়া নাড়ছে, সেটি হচ্ছে কৃত্তিম বুদ্ধিমত্তাভিত্তিক চতুর্থ শিল্প বিপ্লব, যার গতি কল্পনার চেয়েও বেশি। চতুর্থ শিল্পবিপ্লবটির ভিত্তি হচ্ছে জ্ঞান এবং কৃত্তিম বুদ্ধিমত্তা ভিত্তিক কম্পিউটিং প্রযুক্তি। রোবটিক্স, আইওটি, ন্যানো প্রযুক্তি, ডেটা সায়েন্স ইত্যাদি প্রযুক্তি প্রতিনিয়ত চতুর্থ শিল্পবিপ্লবকে নিয়ে যাচ্ছে অনন্য উচ্চতায়। ইন্টারনেট প্রযুক্তি, কৃত্তিম বুদ্ধিমত্তা আর মেশিন লার্নিং এর কল্যাণে এখন যে বিপ্লব শুরু হয়েছে তাকেই বলে চতুর্থ শিল্পবিপ্লব।

অতঃপর চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সভায় উপস্থিত বিভিন্ন সদস্য, অংশীজন নিম্নোক্ত মতামত পেশ করেন :

- ১। সব শ্রেণি ও পেশার মানুষের মধ্যে চতুর্থ শিল্পবিপ্লব বিষয়ক ধারণা প্রদান এবং চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে সম্পর্কিত অগ্রসরমান প্রযুক্তি সম্পর্কে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্যাপক প্রচার করতে হবে।
- ২। প্রাণিসম্পদে অ্যাপভিত্তিক সেবা যেমন অনলাইন কোরবানির হাট লাইফস্টক ডায়েরি, খামারগুরু ফিড মাস্টার ইত্যাদি চতুর্থ শিল্পবিপ্লব তথা প্রাণিসম্পদে ব্যাপক উন্নয়নে অবদান রাখছে।
- ৩। এক গবেষণা অনুযায়ী আগামী দুই দশকের মধ্যে মানবজাতির ৪৭ শতাংশ কাজ স্বয়ংক্রিয় কৃত্তিম বুদ্ধিমত্তাসম্পন্ন যন্ত্রের মাধ্যমে হবে। ২০৩০ সাল বছরটি আমাদের সর্বোচ্চ কর্মক্ষম মানুষের দেশ (১৫ থেকে ৬৪ বছর) হওয়ার বছর। এ সুযোগকে আমরা বলি “গোল্ডেন অপারচুনিটি ফর বাংলাদেশ”। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এ গোল্ডেন অপারচুনিটিকে কাজে লাগানোর জন্য এখনই দেশের চাহিদা ও প্রযুক্তিভিত্তিক মানব সম্পদ গড়ে তুলতে হবে।
- ৪। সক্ষমতা বৃদ্ধির জন্য কর্মকর্তা/কর্মচারীদের ক্লাউড সার্ভার, ইন্টারনেট অব থিংস এবং কৃত্তিম বুদ্ধিমত্তা বিষয়ক প্রশিক্ষণ এর আওতায় আনতে হবে।
- ৫। প্রয়োজনে, চতুর্থ শিল্পবিপ্লবের নেতিবাচক দিক মোকাবেলা করে সুযোগ কাজে লাগানোর নিমিত্ত প্রাণিসম্পদ সেক্টরে উদ্ভাবনমূলক কর্মপদ্ধতি ডিজাইন এবং চালু করতে হবে।
- ৬। কেবল পরিকল্পনার মধ্যে সীমাবদ্ধ না থেকে অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি আমাদের প্রাণিসম্পদ খামারিদের যথাযথভাবে প্রস্তুত করতে হবে। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্ট, আইওটি প্রযুক্তি কাজে লাগিয়ে খামার ব্যবস্থাপনা, পন্য সরবরাহ, প্রাণিচিকিৎসা ক্ষেত্রে চতুর্থ বিপ্লবের সুযোগ কাজে লাগানোর জন্য আরও গভীরভাবে ভাবতে হবে।

সভার গঠনমূলক মতামত প্রদান করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৯/২০২২

(ডাঃ মোছাঃ সারাবনতহুঁরা)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
দেবীগঞ্জ, পঞ্চগড়।

স্মারক নং- ৩৩.০১.৭৭৩৪.০০০.০০.০০১.২২.৪০০

তারিখঃ ২৫/০৯/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলো :

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়।
- ২। অফিস কপি।